ডেস্ক রিপোর্ট। স্বাহ্য। 06 July, 2025

শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত (একদিনে) ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন আরও ৩১৭ জন।এসব রোগীর মধ্যে অর্ধেকই আক্রান্ত হয়েছে বরিশাল ও চট্টগ্রাম বিভাগে।তবে এই সময়ে ভাইরাসটি আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি।

রোববার (৬ জুলাই) স্বাস্থ্য অধিদগুরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, হাসপাতালে নতুন ভর্তিদের মধ্যে বরিশাল বিভাগে ১২৭ জন, চউগ্রাম বিভাগে ৭০ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৫২ জন, ঢাকা উত্তর সিটিতে ২৬ জন, ঢাকা দক্ষিণ সিটিতে ২২ জন, খুলনা বিভাগে ১৩ জন এবং ময়মনসিংহ বিভাগে ৭ জন নতুন রোগী ভর্তি হয়েছেন।

জুর-শ্বাসকষ্ট মানেই ডেঙ্গু নয়, কীভাবে রক্ষা করবেন নিজেকে?

একদিনে ২৯৪ জনের ডেঙ্গু শনাক্ত, অর্ধেকই বরিশাল-চট্টগ্রামে

এদিকে গত একদিনে সারাদেশে ৩২৫ জন ডেঙ্গু রোগী হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন।এ নিয়ে চলতি বছর ছাড়পত্র পেয়েছেন ১০ হাজার ৯৯৮ জন।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, এ বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত সবমিলিয়ে ১২ হাজার ২৭১ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।তবে বছরের এখন পর্যন্ত ডেঙ্গুতে মৃত্যু হয়েছে ৪৫ জনের।

প্রসঙ্গত, ২০২৪ সালের জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছেন এক লাখ এক হাজার ২১৪ জন এবং ডেঙ্গুতে মোট মৃত্যুবরণ করেছেন ৫৭৫ জন।

এর আগে ২০২৩ সালের ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট এক হাজার ৭০৫ জনের মৃত্যু হয় ও পাশাপাশি ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন মোট তিন লাখ ২১ হাজার ১৭৯ জন।

স্বাস্থ্য অধিদপ্তর হাসপাতাল ডেঙ্গু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 11:02

URL: https://timestodaybd.com/public/health/7758074335